গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

স্মারক নং-এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/১৯৫/২(৫০৭) তারিখ:০৯.০৫.২০২২খ্রি.

**বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২২ সালের ৭ম থেকে ১০ম এবং ১২শ শ্রেণির উপবৃত্তি প্রাপ্তির অযোগ্য শিক্ষার্থীদের স্ট্যাটাস পরিবর্তনের মাধ্যমে নিষ্ক্রিয়করণ এবং শিক্ষা প্রতিষ্ঠানের প্রোফাইল সংশোধন/হালনাগাদকরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২২ সালের উপবৃত্তি প্রাপ্ত ৭ম থেকে ১০ম এবং ১২শ শ্রেণির ডুপ্লিকেট, বিবাহিত, নিখোঁজ, কর্মসূচির বাহিরে বদলি, মৃত্যু ইত্যাদি কারণে উপবৃত্তি প্রাপ্তির অযোগ্য শিক্ষার্থীদের স্টাটাস পরিবর্তনের মাধ্যমে নিষ্ক্রিয়করণ এবং শিক্ষা প্রতিষ্ঠানের প্রোফাইল সংশোধন/হালনাগাদকরণ বিষয়ে নিম্নরূপ প্রক্রিয়া অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

২। সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২২ সালের ৭ম থেকে ১০ম এবং ১২শ শ্রেণির জানুয়ারি-জুন/২০২২ কিস্তির উপবৃত্তি বিতরনের লক্ষ্যে বর্ণিত কারণে অযোগ্য শিক্ষার্থীদের HSP-MIS এ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্ট্যাটাস পরিবর্তনের মাধ্যমে নিষ্ক্রিয়করণ এবং শিক্ষা প্রতিষ্ঠানের প্রোফাইল সংশোধন/হালনাগাদকরণ আগামী ২৪.০৫.২০২২ তারিখের মধ্যে আবশ্যিকভাবে সম্পূর্ণ করতে হবে।

৩। **শিক্ষার্থীর স্ট্যাটাস পরিবর্তন করে নিষ্ক্রিয় করার নিয়মাবলী:**

- মেনুবারে "উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী" বাটনে ক্লিক করুন;
- "শিক্ষার্থী স্ট্যাটাস পরিবর্তন" বাটনে ক্লিক করুন;
- 'খুঁজুন' বাটনে ক্লিক করুন;
- যে সকল শিক্ষার্থী অযোগ্য তাদের "সম্পাদন" (কলম আইকন) বাটনে ক্লিক করুন;
- "শিক্ষার্থীর বর্তমান স্ট্যাটাস" অপশনে ড্রপডাউন বক্সে "নিষ্ক্রিয়" অপশন সিলেক্ট করুন;
- স্ট্যাটাস পরিবর্তনের কারণ অর্থ্যাৎ ডুপ্লিকেট, বিবাহিত, নিখোঁজ, কর্মসূচির বাহিরে বদলি, মৃত্যু ও অন্যান্য কারণে ঝরে পড়ার কারণ সিলেক্ট করতে হবে;
- পরবর্তীতে মন্তব্যের ঘরে নিষ্ক্রিয়করণের কারণ (ডুপ্লিকেট/বিবাহিত/নিখোঁজ/কর্মসূচির বাহিরে বদলি/মৃত্যু ও অন্যান্য) উল্লেখ করতে হবে;
- সর্বশেষ 'সংরক্ষণ' বাটনে ক্লিক করলে সফল মেসেজ প্রদর্শিত হবে।

৪। **ভুলক্রমে শিক্ষার্থীর স্ট্যাটাস পরিবর্তন হলে সক্রিয় করার নিয়মাবলী:**

- মেনুবারে "উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী" বাটনে ক্লিক করুন;
- "শিক্ষার্থী স্ট্যাটাস পরিবর্তন" বাটনে ক্লিক করুন;
- "শিক্ষার্থীর অবস্থা" বাটনে "নিষ্ক্রিয়" অপশন নির্বাচন করুন;
- "খুঁজুন" বাটনে ক্লিক করুন;
- যে সকল শিক্ষার্থী যোগ্য তাদের "সম্পাদন" (কলম আইকন) বাটনে ক্লিক করুন;
- "শিক্ষার্থীর বর্তমান স্ট্যাটাস" অপশনে ড্রপডাউন বক্সে শিক্ষার্থীর তথ্য "সক্রিয়" করুন;
- সর্বশেষ "সংরক্ষণ" বাটনে ক্লিক করলে সফল মেসেজ প্রদর্শিত হবে।

৫। এছাড়াও কিছু সংখ্যক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের একাউন্ট নম্বর/হিসাবধারীর নাম ও অন্যান্য ভুল তথ্যের কারণে টিউশন ফি প্রেরণ করা সম্ভব হচ্ছে না। শিক্ষা প্রতিষ্ঠানের টিউশন ফি প্রাপ্তির ক্ষেত্রে অবশ্যই শিক্ষা প্রতিষ্ঠানের নামে খোলা একাউন্ট ব্যবহার করতে হবে। হিসাবধারীর নাম ইংরেজিতে শিক্ষা প্রতিষ্ঠানের নাম লিখতে হবে। ব্যক্তি বা অন্য নামে খোলা একাউন্ট নম্বর ব্যবহার করলে টিউশন ফি প্রাপ্তির ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবে।

৬। **শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য সংশোধন/হালনাগাদের নিয়মাবলী:**

- HSP MIS এ প্রবেশ করে মেনুবার অনুসরণ করে 'কনফিগারেশন' বাটনে ক্লিক করুন;
- 'প্রতিষ্ঠান তথ্য' বাটনে ক্লিক করুন;
- 'প্রতিষ্ঠান তালিকায়' গিয়ে খুঁজুন বাটনে ক্লিক করুন;
- 'সম্পাদন করুন' কলামের 'কলম আইকন (এডিট অপশন)' বাটনে ক্লিক করুন। অতঃপর ধারাবাহিকভাবে প্রতিষ্ঠান প্রোফাইল ফর্মের তথ্যসমূহ অর্থ্যাৎ প্রতিষ্ঠান তথ্য, প্রতিষ্ঠান শিক্ষার্থীর তথ্য, প্রতিষ্ঠান ঠিকানা, পেমেন্টের তথ্য সংশোধন/হালনাগাদ করতে হবে;

- ➢ প্রতিষ্ঠান শিক্ষার্থীর তথ্যের ক্ষেত্রে ৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণি পর্যন্ত শ্রেণিভিত্তিক ভর্তিকৃত মোট ছাত্র/ছাত্রীর সংখ্যা এন্ট্রি করতে হবে (প্রতি বছর এটি হালনাগাদ করতে হবে);
- ➢ প্রতিষ্ঠানের টিউশন ফি প্রাপ্তির লক্ষ্যে অনলাইন ব্যাংক একাউন্ট (১৩ থেকে ১৭ ডিজিট) নম্বর সংশোধন/হালনাগাদ করতে হবে ;
- ➢ সর্বশেষ 'সংরক্ষণ' বাটনে ক্লিক করলে সফল মেসেজ প্রদর্শিত হবে।

৫। সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক অযোগ্য শিক্ষার্থীদের নিষ্ক্রিয়করণ এবং শিক্ষা প্রতিষ্ঠানের প্রোফাইল সংশোধন/হালনাগাদকরণের বিষয়টি নিশ্চিতকরণসহ মনিটরিং করবেন। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে উপবৃত্তি প্রাপ্তির অযোগ্য শিক্ষার্থীদের নিষ্ক্রিয়করণ ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রোফাইল সংশোধন/হালনাগাদকরণে ব্যর্থ হলে সৃষ্ট যে কোন সমস্যার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

৬। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার বা শিক্ষা প্রতিষ্ঠানের User Name/ID ও Password ভুলে গেলে বা অন্য কোন কারণে HSP MIS এ লগ ইন করতে না পারলে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে mis.hsp@pmeat.gov.bd ই-মেইলে যোগাযোগ করার অনুরোধ করা হলো।

৭। হেল্প লাইন নম্বর: ০১৩১৬৬৫৮২৩০, ০১৩১৬৬৫৮৫২৯ অফিস চলাকালীন সময়ে সকাল ০৯.০০টা থেকে বিকাল ০৫.০০টা পর্যন্ত যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০৯.০৫.২০২২

(শ.ম. সাইফুল আলম)
উপপরিচালক ও ডিডিও
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।

স্মারক নং-এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/১০৯৫/৫১৭/১(৭৫) তারিখ: ০৯.০৫.২০২২খ্রি.

**<u>অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :</u>**

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৫। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৬। টিম লিডার (আইটি), SPFMS, অর্থ বিভাগ।
০৭। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
(দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবীক্ষণের অনুরোধসহ)
০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
০৯। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
১০। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান)।
১১। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
(মাউশি এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। সিস্টেম এনালিষ্ট, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩। প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা
(পিএমইএটি -এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪। প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা
(HSP-MIS এ শিক্ষার্থীর স্ট্যাটাস পরিবর্তন অপশন চালু কারার অনুরোধসহ)।
১৫। সংরক্ষণ নথি।

০৯/০৫/২০২২

(মোঃ তৌফিক এরফান)
সহকারী পরিচালক (প্রশাসন)
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি